

জাবিপ্রবিতে প্রোগ্রামিং কন্টেস্ট: চ্যাম্পিয়ন টিম লিজিয়ন

ইয়াসির আরাফাত, কন্ট্রিবিউটিং রিপোর্টার,
জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
প্রকাশিত: ২৩:২৮, ১৪ জুলাই ২০২৫



জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (জাবিপ্রবি) প্রোগ্রামিং ক্লাবের উদ্যোগে অনুষ্ঠিত হলো দিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় কম্পিউটার প্রোগ্রামিং কন্টেস্ট। সোমবার (১৪ জুলাই) দুপুর ১২টা থেকে শুরু হওয়া এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) ও কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের পাশাপাশি জামালপুরের ব্রহ্মপুত্র ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীরা।

প্রতিযোগিতায় মোট ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন, যেখানে তাদের সামনে উপস্থাপন করা হয় ১০টি গাণিতিক প্রোগ্রামিং সমস্যা। প্রতিযোগিতার মূল লক্ষ্য ছিল শিক্ষার্থীদের প্রোগ্রামিং দক্ষতা বৃদ্ধি এবং বাস্তবমুখী সমস্যা সমাধানে উদ্বৃদ্ধ করা।



শেষে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোশারফ হোসেন বলেন, 'এই ধরনের আয়োজন শিক্ষার্থীদের মধ্যে প্রোগ্রামিং চর্চার আগ্রহ বাড়াবে এবং আন্তর্জাতিক পরিসরে বিশ্ববিদ্যালয়ের অবস্থান সুদৃঢ় করতে সহায় হবে। ভবিষ্যতে এই প্রতিযোগিতাকে আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে নিয়ে যেতে বিশ্ববিদ্যালয় প্রশ়াসনের পক্ষ থেকে সর্বান্তর সহায়তা প্রদান করা হবে।'

প্রতিযোগিতায় সিএসই বিভাগের ‘টিম লিজিয়ন’ ১০টি সমস্যার মধ্যে ৭টি সমাধান করে প্রথম স্থান অর্জন করে। ৫টি ক্যাটাগরিতে মোট ১৫ জন বিজয়ীকে সম্মাননা সনদ ও পুরস্কারে ভূষিত করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে সিএসই বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক সুজিত রায়, কনটেস্ট তত্ত্বাবধায়ক ও প্রধান বিচারপতি সহকারী অধ্যাপক মোহাম্মদ হাসানসহ বিভিন্ন শিক্ষক, ক্লাব সদস্য ও প্রতিযোগী শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।